# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৭৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৮. উযুর অবশিষ্ট পানি এবং উযুর সময় পানি দিয়ে সম্পূর্ণ পা ধৌত করার বর্ণনা

بَابُ مَا رُوِيَ فِي فَضْلِ الْوُضُوءِ ، وَاسْتِيعَابِ جَمِيعِ الْقَدَمِ فِي الْوُضُوءِ بِالْمَاءِ

---

## আরবী

وَحَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدٍ الْوَاسِطِيُّ ، ثَنَا مُوسَى بْنُ إِسْحَاقَ ، نَا أَبُو بَكْرٍ ، نَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ ، عَنْ حَجَّاجٍ ، عَنْ عَطَاءٍ ، عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ ؛ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَأَى رَجُلًا فِي رِجْلِهِ لُمْعَةٌ لَمْ يُصِبْهَا الْمَاءُ حِينَ تَطَهَّرَ ، فَقَالَ لَهُ عُمَرُ رَضِيَ اللَّهُ عَنْهُ : بِهَذَا الْوُضُوءِ تَحْضُرُ الصَّلَاةَ ؟! وَأَمَرَهُ أَنْ يَغْسِلَ اللُّمْعَةَ ، وَيُعِيدَ الصَّلَاةَ

## বাংলা

৩৭৭(৭). জা’ফার ইবনে মুহাম্মাদ আল-ওয়াসিতী (রহঃ) ... উবায়েদ ইবনে উমায়ের (রহঃ) থেকে বর্ণিত।

উমার ইবনুল খাত্তাব (রাঃ) এক ব্যক্তির পায়ের কিছু জায়গা চকচক করতে দেখলেন, যেখানে তার উযুর সময় পানি পৌঁছেনি। উমার (রাঃ) তাকে বলেন, এই উযু দিয়ে কি তুমি নামাযে উপস্থিত হয়েছ? তিনি তাকে পায়ের শুকনা জায়গা ধৌত করে পুনরায় নামায পড়ার নির্দেশ দিলেন।

## ফুটনোট

* এই হাদীসের সনদে উল্লেখিত হাজ্জাজ হলেন আরতাত-এর পুত্র। তিনি মুদাল্লিস রাবী। হাদীসবিশারদগণের মতে তার হাদীস দলীলযোগ্য নয় (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উবায়দ ইবনে উমায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80166

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন